



১১ই ডিসেম্বর, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

ময়মনসিংহের ফুলবাড়িয়ায় প্রতিবন্ধিতার কারণে প্রতিবন্ধী শিশু সন্তান হত্যার ঘটনায়
বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে

আন্তর্জাতিক মানবাধিকার দিবস-২০১৭ উদযাপনের মাত্র একদিন পূর্বে ময়মনসিংহের ফুলবাড়িয়ায় প্রতিবন্ধী সন্তান শিশু রিয়াদকে হত্যার পর বাবার আত্মহত্যার চেষ্টার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ করেছে। এনটিভি অনলাইন নিউজ ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায়, গত ৮ই ডিসেম্বর ২০১৭ তারিখ, শুক্রবার ফুলবাড়িয়া উপজেলার বাকতা তালতলা গ্রামে প্রতিবন্ধিতার শিকার ৬ বছরের ছেলেকে হত্যার পর বাবা আত্মহত্যার চেষ্টা করে। খবরে প্রকাশ, দাম্পত্য কলহের সূত্র ধরে জনৈক কৃষকের স্ত্রী প্রতিবন্ধী শিশুটিকে রেখে বাবার বাড়ী চলে যায়। প্রতিবন্ধী শিশুটিকে লালন-পালন করতে সমস্যা হওয়ায় পিতা তাকে হত্যা করে নিজে আত্মহত্যার চেষ্টা করে।

এ নির্মম ঘটনায় শিশু আইন ২০১৩ এর ৭০ ধারা ; দণ্ডবিধি, ১৮৬০ এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী ২০০৩) এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী দণ্ডনীয় ও শাস্তিযোগ্য অপরাধ সংঘটিত হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী প্রত্যেক প্রতিবন্ধী ব্যক্তির পূর্ণমাত্রায় বেঁচে থাকা ও বিকশিত হওয়ার অধিকার রয়েছে। এই আইন অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে পুনর্বাসন ও নিষ্ঠুরতা থেকে মুক্তি সহ কতিপয় পদক্ষেপ গ্রহণে রাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা নিশ্চিত করার জন্য প্রত্যেক জেলা ও উপজেলায় যথাক্রমে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে একটি করে সুরক্ষা কমিটি থাকবার কথা। এই কমিটিগুলোর কাজ হল নিজ নিজ এলাকার প্রতিবন্ধী ব্যক্তিদের সনাক্ত করা এবং সনাক্তকৃত প্রতিবন্ধীদের অধিকার ও সুরক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। আইন প্রণয়নের ৪-বছর পেরিয়ে যাবার পরও “প্রতিবন্ধিতার কারণে লালন-পালনে অসুবিধা হওয়ায়” নিজ পিতা কর্তৃক শিশু রিয়াদ হত্যার ঘটনা প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার পরিস্থিতির নাজুক অবস্থারই ইঙ্গিত বহন করে।

সকলের জন্য মানবাধিকার নিশ্চিত করার লক্ষ্যে নানা কর্মসূচীর মধ্য দিয়ে আমরা মাত্রই বিশ্ব মানবাধিকার দিবস পালন করেছি। এ দিবসের প্রাক্কালে প্রতিবন্ধী শিশু রিয়াদ হত্যার ঘটনায় ব্লাস্ট তীব্র নিন্দা ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে। এ ধরনের ঘটনা প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার রক্ষায় জনমত গঠনসহ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর সুষ্ঠু ও পূর্ণ বাস্তবায়নের দ্বার্দাহীন দাবী জানাচ্ছে।

বার্তাপ্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd